# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক মুমিন ব্যক্তিকে অতিরিক্ত অবনমিত হওয়ার ক্ষেত্রে শষ্যের সাথে উপমা প্রদান প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ تَمْثِيلِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُؤْمِنَ بِالزَّرْعِ فِي كَثْرَةِ مَيَلَانِهِ

আরবী

2904 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَثَلُ الْمُؤْمِنِ كَالزَّرْعِ لَا تَزَالُ الرِّيحُ تُفِيئُهُ وَلَا يَزَالُ الْمُؤْمِنُ يُصِيبُهُ الْبَلَاءُ وَمَثَلُ الْمُنَافِقِ كَالشَّجَرَةِ الْأَرْزِ لَا تهتز حتى تُستحصد)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2904 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2283 و 2284): ق.

বাংলা

২৯০৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “মুমিন ব্যক্তির দৃষ্টান্ত হলো শষ্যের ন্যায়। বায়ু সব সময় তাকে অনবরতভাবে এদিক-ওদিক হেলাতে থাকে। মুমিন ব্যক্তিকে সব সময় বালা-মুসিবত আক্রান্ত করতেই থাকে।

পক্ষান্তরে মুনাফিক ব্যক্তির দৃষ্টান্ত হলো সিডার বৃক্ষের মতো, মুলোৎপাটিত না হওয়া পর্যন্ত সেটা আন্দোলিত হয় না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৮৩; সহীহ মুসলিম: ২৮০৯; তিরমিযী: ২৮৬৬; বাগাবী: ১৪৩৭; সহীহুল বুখারী: ৫৬৪৪।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২২৭৩, ২২৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92234

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন